# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের ডিসিম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব রুবাইয়া ইয়াসমিন
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ : ২৩.১২.২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময় : বেলা ১১:৩০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা শুরু করেন। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা প্রকৌশলী জানান<br>যে, এডিপি বাস্তবায়নের জন্য তালিকা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর সয়েল ও টপো সার্ভের কাজ সম্পন্ন হয়েছে। কোম্পানী =৮০,০০০/- টাকার বিল দাখিল করেছেন। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | ১। বিধি মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। টেন্ডার কার্যক্রম ই-জিপিতে করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত সেপ্টেম্বর/২০২৪ খ্রি. মাসে আউটডোরে ১৫৮৭৪ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে, ইমার্জেন্সীতে ৩৬১৯ জন রোগীকে ইমার্জেন্সী সার্ভিস দেওয়া হয়েছে এবং ইনডোরে ১২৩৫ জন রোগী ভর্তি ছিলেন এবং পরবর্তীতে ছাড়পত্র নিয়ে সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে ৫২৪ জন রোগীকে, আল্টাসনোগ্রামে ৩২৮ জন রোগীকে, এক্সরে বিভাগে সেবা প্রদান করা হয়েছে ২১০ জন রোগীকে, ইসিজি সেবা প্রদান করা হয়েছে ৯৮ জন রোগীকে। গত সেপ্টেম্বর/২০২৪ খ্রি. মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আইএমসিআই বিভাগে ৩১১৮ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের ৫৪টি কমিউনিটি ক্লিনিকে ২৬০১৩ জন সাধারন রোগীকে সেবা প্রদান করা হয়েছে এবং ১৫৩৭ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে। কমিউনিটি ক্লিনিক থেকে প্রসবপূর্ব, প্রসবোত্তর এবং পরিবার পরিকল্পনামিলিয়ে সেবা প্রদান করা হয়েছে ১০৮৮ জনকে। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেপ্টেম্বর/২৪ইং মাসে ০৪টি সিজারিয়ান অপারেশন সম্পন্ন করা হয়েছে এবং ৪৫ জন রোগী নরমাল ডেলিভারী সেবা পেয়েছেন। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে সামনের রাস্তা উচু করণপূর্বক মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিষয়টি রেজুলেশনে লেখার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হইল। বর্ষাকালে বৃষ্টির পানিতে রোগী এবং জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে। হাসপাতালে দালালদের দৌরাত্ব বন্ধে কার্যকর অভিযান পরিচালনার জন্য উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। সীমিত সাধ্যের মধ্যে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের রোগীদের সার্বিক সেবা দানের জন্য আমরা সর্বদা অঙ্গীকারবদ্ধ। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-২৫০০ হেক্টর,উফশী ১৮৪২০ হেক্টর ও স্থানীয় ১৫ হেক্টর মোট ২০৯৩৫ হেক্টর। হাইব্রিড বীজতলা ১২২ হেক্টর, উফশী ১১৪০ হেক্টর ও স্থানীয় ১ হেক্টর মোট ১২৬৩ হেক্টর বীজতলা হয়েছে। আশা করা যায় যে, লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত আবাদ বৃদ্ধি পাবে। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন। গত অক্টোবর/২০২৪ মাসের তুলানায় নভেম্বর/২০২৪খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-৭০০ মে:টন,টিএসপি-১৫২,ডিএপি-৬৪৫ ও এমওপি-৪৪৫ মে:টন। রবি মৌসুমে শাকসবজি এর আবাদ বৃদ্ধির জন্য ২০২৪-২৫ অর্থবছরে ৪৬০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ বিতরনের করা হয়েছে। প্রতি বিঘা জমির জন্য ১জন কৃষককে টমেটো,মিষ্টিকুমড়া,লাউ,লালশাক ও পালংশাক এবং ১৭৫০ জন কৃষকের মাঝে হাইব্রিড ধান বীজ দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসকদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থবছরে কোনো বাজেট পাওয়া যায়নি। দুটি গার্ডার ব্রীজের কাজ চলমান রয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মান প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ১০৬টি বীর নিবাসের কাজ চলমান রয়েছে। নতুন বছরের ১ কি:মি: এইচবিবি রাস্তার টেন্ডার প্রক্রিয়া চলমান। অন্যান্য বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলমান। | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, পিপিআর রোগ নিমূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পেএর আওতায় বিনামূল্যে ৬৪৪০০ ছাগল ও ভেড়ার টিকাপ্রদান করা হয়েছে। পশু খাদ্য বিক্রেতা ও মাংস বিক্রেতাদের নতুন রেজিষ্ট্রেশন অথবা রেজিষ্ট্রেশন নবায়নের জন্য চিঠি দেওয়া হয়েছে।অন্যান্য বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলমান। | ১। টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৪ -২০২৫ অর্থ বছরে অত্র দপ্তর হতে রাজস্ব খাতের আওতায় ০২ টি প্রদর্শনী খামার বাস্তবায়ন করা হয়েছে এবং ০৩ টি ব্যাচে মোট ৬০ জন মৎস্য চাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>অন্যান্য কার্যক্রমসমূহ : ১. মৎস্য চাষি পরামর্শ<br>২. পুকুর / মৎস্য খামার পরিদর্শন<br>৩. ডিজিটাল যন্ত্রের মাধ্যমে পুকুরের পানি পরীক্ষা<br>৪. মৎস্য খাদ্য দোকানে লাইসেন্স প্রদান<br>৫. মৎস্য হ্যাচারির লাইসেন্স প্রদান<br>৬. মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ইত্যাদি। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মৎস্যচাষীদের সাথে নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৮ | উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লো-ভোল্টেজ/ওভার লোড জনিত সমস্যা নিরস কল্পে দপ্তর হইতে নতুন নতুন লাইন নির্মাণ এবং আপগ্রেডেশন কাজ চলমান রহিয়াছে। দেশে বিরাজমান বিদ্যুৎ ঘাটতি জনিত সমস্যা থাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিভিন্ন নির্দেশনার আলোকে এবং বিউবো'র উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক বরাদ্দকৃত লোড অনুযায়ী এবং গুরুত্ব বিবেচনা করে সীমিত সময়ের জন্য সিডিউল করে লোড-শেডিং প্রদান করিয়া অত্র দপ্তরের আওতাধীন এলাকা সমূহে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। মাইজবাড়ী/বালিপাড়া উপকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধিও লক্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রকল্প দপ্তরের মাধ্যমে বিদ্যুৎ লাইন নির্মাণ/উপকেন্দ্র সমূহ ক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ট্রান্সফরমার/যন্ত্রাংশ স্থাপনের কাজ চলমান রয়েছে। তবে অত্র দপ্তরের আওতাধীন এলাকা হতে ট্রান্সফরমার চুরির সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত অত্র দপ্তরের আওতাধীন বিভিন্ন এলাকা হতে ১৮টি ট্রান্সফরমার চুরি হয়েছে। ট্রান্সফরমার চুরি এলাকাগুলোর মধ্যে ধামাইল, ভরভরা , রসুলপুর, বাগুয়া, গফরগাঁও পৌরসভা, বিরই, সালটিয়া, ভারইল, গন্ডগ্রাম এবং বাহাদুরপুর(বালিপাড়া) রয়েছে। ট্রান্সফরমার চুরি রোধ কল্পে গ্রাহক পর্যায়ে মাইকিং লিফলেট বিতরণ এবং গভীর রাত্রে টহল ব্যবস্থা জোরদার করা হয়েছে। এই মর্মে অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারী/নিরাপত্তা প্রহরী সমন্বয়ে একটি টহল কমিটি গঠন করা হয়েছে। অত্র দপ্তরের রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষে বিলের সহিত বিল পরিশোধের নোটিশ জারী, অবৈধ গ্রাহক চিহ্নিত করে সংযোগ বিচ্ছিন্নকরণে, বকেয়াধারী গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করে বকেয়া আদায় ত্বরান্বিত করণসহ বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের মাধ্যমে মোবাইল কোর্টের কাজ চলমান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে।<br>৩। নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও, ময়মনসিংহ দীর্ঘদিন যাবৎ মাসিক সভায় অনুপস্থিত। তার প্রতিনিধিকে বারবার বলা সত্ত্বেও উপস্থিত না হওয়ায় তার বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, ১। সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা চলমান আছে। মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের বেতন ভাতার ইএফটি কার্যক্রম চলমান আছে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে অত্র কার্যালয় হতে অক্টোবর/২৪ খ্রি: মাসে নিম্ন বর্ণিত কাজসমূহ সম্পন্ন করা হয়েছে। জরাজীর্ণ ভবন নিলামে বিক্রি। বিদ্যালয়ের ম্যানেজিং অনুমোদন। নতুন ভবন নির্মাণের জন্য বিদ্যালয়ের তালিকা প্রেরণ করা হয়েছে। ২৮ জন প্রধান শিক্ষকের উচ্চতর গ্রেডে বেতন নির্ধারণের আবেদন প্রেরণ। ০৪ জন শিক্ষকের পেনশন কার্যক্রম সম্পন্ন। ০৫ জন শিক্ষকের পি আর এল কার্যক্রম সম্পন্ন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩। বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগঃ সভায় জানান যে, গফরগাঁও উপজেলায় শতভাগ ভাতার আওতায় মোট ১৬৭৫৬টি আবেদন জমা হয়েছে, বরাদ্দ আসা সাপেক্ষে ভাতার কাজ শুরু করা হবে, তাছাড়া সকল ইউনিয়নের ভাতার লাইভ ভেরিফিকেশন সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এখন যাচাই বাছাই কাজ চলছে। তিনি আরও বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল দেওয়া হয়েছে। কাউকে ভাতার পিন নাম্বার ও মোবাইল নাম্বার না দেওয়ার জন্য অনুরোধ করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | বিআরডিবিঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাভূক্ত ০৮ টি কর্মসূচি/প্রকল্পের সমিতি/দল গঠন: মোট পুরুষ =৫১৪ টি, মহিলা =৯৩ টি, সর্বমোট =৬০৭ টি। মোট সদস্য সংখ্যা: পুরুষ =২৩৮৫১ জন, মহিলা =২৪৪০ জন, সর্ব মোট =২৬২৯১ জন। মোট শেয়ার আদায়: পুরুষ | ১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

=৩১.৭৫ লক্ষ টাকা, মহিলা =৬.২৯ লক্ষ টাকা, সর্ব মোট= ৩৮.০৪ লক্ষ টাকা । মোট সঞ্চয় আদায়: পুরুষ =৭৫.০৯ লক্ষ টাকা, মহিলা =১৯.৪৪ লক্ষ টাকা, সর্ব মোট =৯৪.৫৩ লক্ষ টাকা । মোট ঋণ তহবিল প্রাপ্তি =১০৭৬.২০ লক্ষ টাকা। মোট ঋণ বিতরণ: পুরুষ =১০৭৮.২৩ লক্ষ টাকা, মহিলা =৩৮৩.৭৯ লক্ষ টাকা, সর্ব মোট ঋণ বিতরণ = ১৪৬২.০২ লক্ষ টাকা । মোট ঋণ আদায়: পুরুষ =৮৯০.৪২ লক্ষ টাকা, মহিলা =৩৩৮.১৫ লক্ষ টাকা, সর্ব মোট =১২২৮.৫৭ লক্ষ টাকা। মূল কর্মসূচী (ইউসিসিএ) ব্যতীত মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ), আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি ও বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচী, পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচী'র সাংগঠনিক এবং ঋণ কার্যক্রম চলমান আছে।

মাসিক অগ্রগতি

| সমিতি/দল গঠন | | | সদস্য ভর্তি | | | শেয়ার আদায় (লক্ষ টাকায়) | | | সঞ্চয় আদায় (লক্ষ টাকায়) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | মাসে | বছরে | ক্রমপুঞ্জিত |
| - | - | ৬০৭ | ০ | ০৫ | ২৬২৯১ | ০.০২ | ০.০৮ | ৩৮.০৪ | ০.০২ | ০.৩৩ | ৯৪.৫৩ |

| ঋণ বিতরণ (লক্ষ টাকায়) | | | ঋণ আদায় (লক্ষ টাকায়) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | |
| ০ | ৩.৭৫ | ১৪৬২.০২ | ১.৫৭ | ৬.৭৬ | ১২২৮.৫৭ | |

বিআরডিবি'র নির্মিত ০৩ টি জোড়াবাড়ির বকেয়াসহ বাসা ভাড়া ও গ্যাস বিল আদায়ের প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।

০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ): উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।

| ক্র.নং | পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় | | | | পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | মন্তব্য |
| ০১ | দল গঠন | ৯২ | ২০ | ২৫ | ১২০ | ০ | ৮৪ | - |
| ০২ | সদস্য ভর্তি | ৩২২২ | ১০০ | ৪৮৫ | ৩০০০ | ০ | ২২৮০ | - |
| ০৩ | শেয়ার জমা | ০ | ০ | ০ | ১২.০০ | ০ | ৮.৩৬ | - |
| ০৪ | সঞ্চয় জমা | ৮৬.৬৯ | ১.৫০ | ১৮.০৭ | ৪০.০০ | ০ | ২৯.৮৮ | - |
| ০৫ | ঋণ বিতরণ | ১০১.৬৩ | ০ | ১৩৮.৬২ | ০ | ০ | ৫৫৩.৪৪ | - |
| ০৬ | ঋণ আদায় | ১০১.৬৩ | ৪.৯০ | ৬৬.৩৭ | ৫৫৩.৪৪ | ০ | ৪২৫.৪১ | - |
| ০৭ | প্রশিক্ষণ | ৮০০ | ০ | ৪৮০ | ০ | ০ | ০ | - |

উল্লেখ্য যে,ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন সমিতি গঠন ও সদস্য নির্বাচনের ক্ষেত্রে প্রকল্পের নীতিমালা অনুযায়ী কাজ করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।

২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।

উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)

১৩ আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক): ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।

| ক্র. নং | সংখ্যা | মোট |
|---|---|---|
| ০১ | সমিতির সংখ্যা | ৩৯৪ টি |

ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।

ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

<table>
<tr><td></td><td>
<table>
<tr><td>০২</td><td>সদস্য সংখ্যা</td><td>১৮,৭১৭ জন</td></tr>
<tr><td>০৩</td><td>মাসের সঞ্চয় আদায়</td><td>৫.২৪ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৪</td><td>বছরে সঞ্চয় আদায়</td><td>১২.৯৯ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৫</td><td>মাসের ঋণ  আদায়</td><td>১১৮.৯৩(লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৬</td><td>বছরে  ঋণ আদায়</td><td>৩০৫.০১ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৭</td><td>মাসের ঋণ বিতরণ</td><td>১২২.৬০ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৮</td><td>বছরে ঋণ  বিতরণ</td><td>২৮২.৪০ (লক্ষ টাকা )</td></tr>
</table>
অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:  উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের ২০২৪-২৫ অর্থ বছরে ডিসেম্বর/২০২৪ মাসের ২৫০২ জন উপকারভোগীদের মাঝে পুষ্টিচাল বিতরণ অব্যাহত আছে ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা ( ইউ,পি সচিব) দায়িত্বপ্রাপ্ত  সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরন নিশ্চিত করবেন উক্ত চক্রের মেয়াদ ৩১ ডিসেম্বর/২০২৪ খ্রি.তারিখ শেষ হবে। নতুন ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচনের অনলাইন আবেদন www.dwavwb.gob.bd সফটওয়্যার চালু হলে শুরু হবে।  এছাড়াও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অক্টোবর/২০২৪ ইং মাসে অত্র উপজেলায় টিসিবি  খাতে ও এম এস ৮১.৬৫০মে:টন। ।  ফায়ার সার্ভিস  চাল ৭৪৭ কেজি গম ৬৫৪ কেজি ও জি আর ৪.০০০মে:টন। ভিজিডি খাতে ৭৫.০৬০ মে: টন। খাদ্য বান্ধব খাতে চাল ৭৭৪.৩৩০মে: টন। গুদামে বর্তমানে চাল মজুদ আছে ৬১১.৭৬৮মে:টন । এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:  উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র গুলোতে গর্ভবতী মায়ের সেবা ও ডেলিভারীর জন্য কক্ষগুলো মেরামত এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে একটি সাধারণ মানের অপারেশন থিয়েটার করার জন্য অনুরোধ জানান। সক্ষম দম্পত্তি ৯০৫২৯ গ্রহণকারী ৬৯১৯৩ সিএআর ৭৬.৪৩%
<table>
<tr><td>বিভিন্ন পদ্ধতির নাম</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>২০</td><td>০</td><td>০ %</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>১৬</td><td>০</td><td>০ %</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৫০</td><td>১১</td><td>২২ %</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>৭০</td><td>৫৭</td><td>৮১.৪৩ %</td></tr>
<tr><td>ইনজেটেবল</td><td>১৬৮৪০</td><td>৯৫৩৮</td><td>৫৬.৬৪ %</td></tr>
<tr><td>খাবারবড়ি</td><td>৩৪৫৬৬</td><td>৩৮৮২৪</td><td>১১২.৩২ %</td></tr>
<tr><td>কনডম</td><td>৬২০২</td><td>৬০৫৯</td><td>৯৭.৮৬ %</td></tr>
</table>
মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা সমবায় বিভাগ:  উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,   গফরগাঁও উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের মধ্যে সমবায় সমিতি গুলো ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট জুলাই/২৩ খ্রি. মাসের অডিট কার্যক্রম শুরু হয়েছে। আমরা অডিট অফিসারগণ বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই/২৩ খ্রি. মাসে অডিট কার্যক্রম শুরু করেছি। অডিটযোগ্য সমবায়  সমবায় সমিতির সংখ্যা -৭০টি। তাছাড়াও সমবায় সমিতিগুলো নিয়মিতভাবে তদন্ত, পরিদর্শন ও তদারকী কার্যক্রম অব্যাহত আছে। সমবায় সমিতিগুলোর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে।  গত বছরে ০৫ টি ইউনিটে ১২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে সমতবায় পুরস্কারের জন্য অত্র উপজেলা হতে ০৬ টি শ্রেষ্ঠ সমিতির তালিকা প্রেরণ হয়েছে। সরকারী রাজস্ব ১০০% আদায় করে সরকারী কোষাগারে প্রেরণ করা হয়েছে। যার কার্যক্রম  চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ০৭ টি আশ্রয়ণ-২ প্রকল্পের  মধ্যে......<br>১. আশ্রয়ণ-২ প্রকল্প-১ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২০৯০০০০/-(বিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৮৫২৩৫/-   (এগারো লক্ষ পঁচাশি হাজার দুইশত টাকা মাত্র)। সার্ভিস চার্জ= ৮৮৮০৯/- (আটাশি হাজার আটশত  নয় টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৬৩৯৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে।<br>২ আশ্রয়ণ-২ প্রকল্প-২ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২১১১৩৯৫/-</td><td>০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | (একুশ লক্ষ এগারো হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৭১৯১১/- (এগারো লক্ষ একাত্তর হাজার নয়শত এগারো টাকা মাত্র)। সারচার্জ= ৮৯৮৯৪/- (উনানব্বই হাজার আটশত চুরানব্বই টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৪৭১৩/- (চব্বিশ হাজার সাতশত তেরো টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে।<br>৩. রোস্তম আলী আশ্রয়ণ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ৪৯৩৩৯৫/- (চার লক্ষ তিরা নব্বই হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ৮৮৩৪৯/- (আটাশি হাজার তিনশত উনপঞ্চাশ টাকা মাত্র)। সারচার্জ= ৭২৪৫/-(সাত হাজার দুইশত পঁয়তাল্লিশ টাকা মাত্র)। । ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৭৯৯/- (এক হাজার সাতশত নিরানব্বিই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে। এছাড়াও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া গিয়েছে। পরবর্তীতে সরকারি নির্দেশনা অনুযায়ী বিধি মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ আত্মকর্মসংস্থান(রাজস্ব) =৪,৩০,০০০ /- , পরিবারভিত্তিক ঋণ বিতরণ= ০/- ঋণ আদায় চলমান ৯৮%, ঋণ সংখ্যা রজস্ব ও পরিবার রাজস্ব ১০ জন, পরিবার ভিত্তিক ০ জন, বায়ুগ্যাস স্থাপন প্রশিক্ষণ(প্রকল্প) ০ ব্যাচে ০ জন, প্রশিক্ষণ রাজস্বঃ০৩ টি ব্যাচে ৬০ জন, জনসচেতনতা মূলক প্রশিক্ষণ ০ জন, আত্মকর্মীর সংখ্যা পুরুষ ও মহিলা ৩৬ জন, যৌতুক বিরোধী কার্যক্রম ২১ জন, কর্মরত জনবল ০৪ জন । এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ২০ | উপজেলা পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিসংখ্যান অফিস গফরগাঁও, ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম চলমান আছে। মাসিক স্থায়ী অস্থায়ী ফসলের রিপোর্ট প্রেরন করা হয়েছে । অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল কার্যক্রম সম্পন্ন হয়েছে, সংশোধনী চলমান রয়েছে। এছাড়া অফিসের সকল নিয়মিত কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন: উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র্য জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । অত্র কার্যালয়ে ৯৬টি সমিতিতে মোট ৪১৪০ জন সদস্য আছে। বিগত ২০২৩-২০২৪ অর্থ বছর জুন/২৪ পর্যন্ত ৮৭০ জন সদস্যের মাঝে সর্বমোট ৫৮৭.১(পাঁচ কোটি সাতাশি লক্ষ এক হাজার টাকা ঋণ বিতরন করা হয়েছে । আদায়ের হার ৯৮%,বিভিন্ন সঞ্চয় স্থিতি ৫৩৭.০৯ (লক্ষ) টাকা,সফলতার হার ১৬৭%। লক্ষমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শত ভাগ অর্জিত হয়েছে। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র্য জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । অত্র কার্যালয়ে ৯৫টি সমিতিতে মোট ৩৯৪৬ জন সদস্য আছে। বিগত ২০২৪-২০২৫ অর্থ বছর অক্টোবর/২৪ পর্যন্ত ২০৫জন সদস্যের মাঝে সর্বমোট ২৩৫.১৫(দুই কোটি পয়ত্রিশ লক্ষ পনের হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে । আদায়ের হার ৯৮%,বিভিন্ন সঞ্চয় স্থিতি ৫৩০.০৯(লক্ষ)টাকা, সফলতার হার ১৫৯%। কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। লক্ষমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শত ভাগ অর্জিত হয়েছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা শান্তি, শৃংখলা উন্নয়ন ও নিরাপত্তায় কাজ করে যাচ্ছে। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভিডিপি সদস্যদের বছর ব্যাপি বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে, তার অংশ হিসেবে এ অর্থবছরেও জেলা কমান্ড্যান্ট কার্যালয় কর্তৃক প্রশিক্ষণ নির্দেশিকার আলোকে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। উপজেলার বিভিন্ন অকার্যকর ক্লাব সমিতি সতেজ করণ কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগ: ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিকভাবে চেষ্টা চলছে। উপকেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রক্রিয়া চলমান। (প্রস্তাবিত পাগলা, চরমছলন্দ)। উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বিকল্প ৩৩ কেভি সোর্স লাইন চালুর কাজ চলমান। লো-ভোল্টেজ সমস্যা সমাধানের জন্য গ্রাউন্ডিং করণ, ওভার লোডের কন্ডাক্টর পরিবর্তন করা, ক্যাপাসিটর স্থাপনের কাজ চলমান আছে। বর্তমানে গফরগাঁও জোনাল অফিসের গ্রাহক অভিযোগ নিরসন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এর জন্য চারটি অভিযোগ কেন্দ্র রয়েছে। মশাখালী অভিযোগ কেন্দ্রটি চালুর প্রক্রিয়াধীন আছে। উক্ত অভিযোগ কেন্দ্রটি চালু হলে সহজেই অভিযোগ নিরসনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যাবে। সরসরি হুকিং, মিটার টেম্পারিং, সার্ভিস ড্রপ বাইপাস ইত্যাদি অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহারকারীদের সংযোগ বিচ্ছিন্ন করণসহ জরিমানা আদায় করা হচ্ছে। বিলিং অভিযোগ হ্রাস কল্পে যথাসময়ে সঠিকভাবে রিডিং আদায় এভং গ্রাহক প্রান্তে বিদ্যুৎ বিল পৌছানোসহ মিটার রিপোর্ট সঠিকভাবে প্রস্তুত ও বাস্তবায়ন করা হচ্ছে। গ্রাহক সংযোগ | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |

| | | | |
|---|---|---|---|
| | সম্ভাব্য লোড ও ভৌগলিক অবস্থা বিবেচনা করে স্বল্প মেয়াদী , মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করা হয়। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। ৯০ দিনের উর্দ্ধে বকেয়া বিদ্যুৎ বিল হ্রাস করার লক্ষে বিল আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়াও বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ২৪ | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ), সভায় জানান যে, উপজেলা সেচ তহবিল, গফরগাঁও হতে লাইসেন্স প্রদানের তদন্ত কি, সদস্যদেও সম্মানী, স্টেশনারী ও অন্যান্য বাবদ বিল উত্তোলন করা হয়েছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি-সেচ) |
| ২৫ | উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩ হাজার পাট চাষীদের মাঝে বীজ ও সার বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর গফরগাঁও উপজেলায় সর্বমোট ২১৭টি শিক্ষাকেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক ৭৫টি, সহজ কুরআন শিক্ষা ১৪১টি ও ১টি বয়স্ক শিক্ষাকেন্দ্র রয়েছে। পৌরসভা সহ সকল ইউনিয়নে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর কেন্দ্র রয়েছে। তাছাড়া ১টি মডেল রিসোর্স সেন্টার ও ৩টি সাধারণ রিসোর্স সেন্টার চালু রয়েছে। মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারগুলোতে বই ও পত্রিকা পাঠ সর্বসাধারণের জন্য উন্মুক্ত। উক্ত উপজেলায় ২টি দারুল আরকাম ইবতেদায়ী মাদরাসা রয়েছে যেখানে প্রথম শ্রেণি থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়ে থাকে। শিক্ষাকেন্দ্র সমুহে যথাযথভাবে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং পরিদর্শন অব্যাহত রয়েছে। উল্লেখ্য যে, সামাজিক সমস্যাবলী নিরসনে জুম'আর খুতবায় ইমাম ও খতিবগণের মাধ্যমে জনসচেতনতা আনয়নে কুরআন ও হাদিসের আলোকে বক্তব্য প্রদান করা হয়ে থাকে। এছাড়াও সাব-ক্লাস্টার প্রশিক্ষণ ও মাসিক শিক্ষক সমন্বয় সভায় শিক্ষা কার্যক্রমের অগ্রগতির পাশাপাশি বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং, দূর্ণীতি, মাদক ও সন্ত্রাস-জঙ্গীবাদ প্রতিরোধে সামাজিক সমস্যাবলী নিরসনে আলোচনা অব্যাহত রয়েছে। প্রতিটি শিক্ষাকেন্দ্রের পাশে খালি জায়গায় বিভিন্ন ধরণের মৌসুমী শাক-সবজি চাষ করার জন্য কেন্দ্র শিক্ষক ও অভিভাবকদের উদ্বুদ্ধ করা হয়। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৭ | উপজেলা তথ্য কেন্দ্র: তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য www.laalsobuj.com মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |
| ২৮ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় জানান যে, অত্র উপজেলার বীর মুক্তিযোদ্ধা মো: মমিন উদ্দীন (সেনাবাহিনী), পিতা-মৃত তাহের আলী সরকার, মাতা- মৃত ময়মন নেছা, গ্রাম+ডাকঘর- বীরখারুয়া, গফরগাঁও, ময়মনসিংহ । তিনি বীর মুক্তিযোদ্ধার নামে গফরগাঁও ইউনিয়ন-মশাখালী ইউনিয়ন ভায়া সিপান-বনগ্রাম বাজার এবং হাতিখলা বাজার রোড রাস্তাটির মশাখালী ইউনিয়নের সীমানার অংশ অর্থাৎ গফরগাঁও ইউনিয়নের আউটবাড়িয়া ব্রীজের পশ্চিম পাশে বেপারী বাড়ী সংলগ্ন রাস্তা হতে বীর মুক্তিযোদ্ধা বাড়ী ও বীরখারুয়া উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভায়া মশাখালী ইউনিয়নের শিলা বাজার পর্যন্ত রাস্তাটি নামকরণ করার জন্য আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে রাস্তাটি নামকরণ করা যাবে কিনা বিষয়টি সভায় উপস্থাপন করেন। | বর্তমান সার্বিক পরিস্থিতি ও উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ কমিটির না থাকায় বীর মুক্তিযোদ্ধা মো: মমিন উদ্দীন (সেনাবাহিনী) এর নামে রাস্তাটি নামকরণ না করার বিষয়ে স্থগিত রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, সমন্বয়ের মাধ্যমে সকল বিভাগীয় প্রধানগণ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান। হাসপাতালগুলোতে দালালমুক্ত করতে হবে, বাল্য বিবাহ নিরোধে সকলকে সতর্ক থাকতে হবে, ভুয়া জন্ম সনদ থেকে সকলকে সচেতন থাকতে হবে। | সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | কুকুরের বেক্সিন বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। মাধ্যমিক শিক্ষা অফিসার বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। দ্রুত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত কার্যক্রম সক্রিয়করণের বিষয়ে অনুরোধ জানান। জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কাজে সকল নিবন্ধকগণকে সক্রিয় ভূমিকা পালন করার জন্য অনুরোধ জানান। সমন্বয়ের মাধ্যমে সরকার নির্দেশিত সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রুবাইয়া ইয়াসমিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৪-১১৬৪/১(৬০)

তারিখ: ২৩.১২.২০২৪ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
০২। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ
০৪। প্রশাসক, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ
০৫। উপজেলা ............................................................... অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
০৬। প্রশাসক, .......................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ
০৭। জনাব ...................................................................গফরগাঁও,ময়মনসিংহ
০৮। অফিস কপি

(রুবাইয়া ইয়াসমিন)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ

# পরিশিষ্ট-খ

## Road list for New ID

| Sl No | Upazila | Road ID | Road Type | Road Name | Length (Km) |
|---|---|---|---|---|---|
| 1. | Gaffargaon | 361225620 | V-B | Lawtail GPS – Puliadi Switch Gate via Ashrafuzzaman Comunity Clinic road. | 3.30 |
| 2. | Gaffargaon | 361225621 | V-B | Tololi Tanpara Jame Mosque – Chamurta Kodomtola Bridge via Mir bari road. | 1.10 |
| 3. | Gaffargaon | 361225622 | V-B | Maizhati moor – Nizam Uddin Master Bari via morol para moor road | 1.10 |
| 4. | Gaffargaon | 361225623 | V-B | Baluka Hossainpur RHD Uthuri Nurul Amin house - Gagra High School via Motin Master house road. | 3.50 |
| 5. | Gaffargaon | 361225624 | V-B | Baghergaon Shahid House - Degree Vumi Shanjeeb Bridge Via Degree Vumi Dhakin Para (Fazlul Haque Khan) Community Clinic road. | 3.30 |
| 6. | Gaffargaon | 361225625 | V-B | Sipan Banagram road Uturi Sundor Ali house Gagra High School road. | 3.00 |
| 7. | Gaffargaon | 361225626 | V-B | Gagra Shorabs Shop-Sonamia Bazar via Humauns Sardar house road. | 2.50 |
| 8. | Gaffargaon | 361225627 | V-B | Dairgaon Saleahia Etemkhana Madrasha – Khilgaon Chowrasta highway road more via Pandit bari Jame Masjid road. | 2.50 |
| 9. | Gaffargaon | 361225628 | V-B | Tetulia Maizbari Ripok Shop-Gagra High School via Murol Bari road. | 2.50 |
| 10. | Gaffargaon | 361225629 | V-B | Gaffargaon Bormi RHD - Gagra High School More –Mannan Master Bari via Pachim Mohir kharua konapara Nurul hoque Master house road. | 2.00 |
| 11. | Gaffargaon | 361225630 | V-B | Bamonkhali Sr. Madrasha via Bamonkhali Balika School – Gabtola road. | 2.00 |
| 12. | Gaffargaon | 361225631 | V-B | Barail Notun Bazar – Taltola Bridge via Kamal Master house road. | 2.00 |
| 13. | Gaffargaon | 361225632 | V-B | Uturi Shaukat Munshi Bari- Gaffargaon Bormi RHD Sheikh Bari via Uturi High School road. | 1.50 |
| 14. | Gaffargaon | 361225633 | V-B | Professor Abdur Razzak Bari – Charipara GPS via Furkanya Madrasha Eidga Mat road. | 1.00 |
| 15. | Gaffargaon | 361225634 | V-B | Barail Balika GPS – Pachua Bazar via Kuddus Master house road. | 1.00 |
| 16. | Gaffargaon | 361225635 | V-B | KBI Abdur Rahim Bari-Beer Muktijudda Aziz Bari via Haji Bari road. | 1.00 |
| 17. | Gaffargaon | 361225636 | V-B | Dakkin Lamkain BBC – Riyaz Uddin Bari via Daroga Bari Jame Masjid road. | 1.00 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 18. | Gaffargaon | 361225637 | V-B | Digha (Vatipara) Shibgonj-Goyespur road via Md Ruhul Sarker house road. | 1.00 |
| 19. | Gaffargaon | 361225638 | V-B | Lautail - Gagra High School via Motin Master house road. | 2.00 |
| 20. | Gaffargaon | 361225639 | V-B | Baluka Hossainpur RHD Uthuri Nurul Amin house - Gagra High School via Motin Master house road. | 1.50 |
| 21. | Gaffargaon | 361225640 | V-B | Baghergaon Shahid House - Degree Vumi Shanjeeb Bridge Via Degree Vumi Dhakin Para (Fazlul Haque Khan) Community Clinic road. | 3.30 |
| 22. | Gaffargaon | 361225641 | V-B | Sipan - Banagram road Uturi Sundor Ali house Gagra High School road. | 3.00 |
| 23. | Gaffargaon | 361225642 | V-B | Gagra Shorabs Shop - Sonamia Bazar via Late Enamul Hoque Master house road. | 2.50 |
| 24. | Gaffargaon | 361225643 | V-B | Dairgaon Saleahia Madania Etemkhana & Madrasha – Khilgaon Cowrasta highway road more via Pandit bari Jame Masjid (Rais Uddin Member bari) road. | 3.00 |
| 25. | Gaffargaon | 361225644 | V-B | Tetulia Maizbari Ripok Shop - Gagra High School via Murol bari road. | 2.50 |
| 26. | Gaffargaon | 361225645 | V-B | Gaffargaon Bormi RHD - Gagra High School More – Mannan Master Bari via Pachim Mohir kharua konapara Nurul hoque Master house road. | 2.00 |
| 27. | Gaffargaon | 361225646 | V-B | Bamonkhali Sr. Madrasha via Bamonkhali Balika School – Gabtola road. | 2.00 |
| 28. | Gaffargaon | 361225647 | V-B | Barail Notun Bazar – Taltola Bridge via Kamal Master house road. | 2.00 |
| 29. | Gaffargaon | 361225648 | V-B | Mukhi Bridge Ghat – Prashadpur Bazar via Mukhi Shah Miskin Notun Bazar road. | 4.70 |
| 30. | Gaffargaon | 361225649 | V-B | Baghergaon more Saidul shop – Gabtoli more via Noyabari road. | 3.00 |
| 31. | Gaffargaon | 361225650 | V-B | Gaffargaon Bormi Pacca road Shalpa Shapila high School – Taslim Khan Vita via Beer Sadir Khan house road. | 2.00 |
| 32. | Gaffargaon | 361225651 | V-B | Bagergaon Lamkain Kandipara Pacca road – Kander bari Jame Masjid via Anu Shek bari road. | 1.50 |
| 33. | Gaffargaon | 361225652 | V-B | Malmal Sarker bari Bridge – Vangtibazar via Eidgahmat road. | 1.50 |
| 34. | Gaffargaon | 361225653 | V-B | Bacchu Mia bari – kadir Dr. Gutharaghat via bangali bari Jame Masjid road. | 1.00 |
| 35. | Gaffargaon | 361225654 | V-B | Uturi Shaukat Munshi Bari- Gaffargaon Bormi RHD Sheikh Bari via Uturi High School road. | 1.50 |
| 36. | Gaffargaon | 361225655 | V-B | Professor Abdur Razzak Bari – Charipara GPS via Furkanya Madrasha Eidga Mat road. | 1.00 |
| 37. | Gaffargaon | 361225656 | V-B | Barail Balika GPS – Pachua Bazar via Kuddus Master House road. | 1.00 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 38. | Gaffargaon | 361225657 | V-B | KBI Abdur Rahim Bari - Beer Muktijudda Aziz Bari via Haji Bari road. | 1.00 |
| 39. | Gaffargaon | 361225658 | V-B | Dakkin Lamkain BBC – Riyaz Uddin Bari via Daroga Bari Jame Masjid road. | 1.00 |
| 40. | Gaffargaon | 361225659 | V-B | Digha (Vatipara) Shibgonj - Goyespur Road via Md Ruhul Sarker house road. | 1.00 |
| 41. | Gaffargaon | 361225660 | V-B | Dhamail Bonder Dhali Bari Moddhapara Jame Masjid road . | 1.00 |
| 42. | Gaffargaon | 361225661 | V-B | Basutia Govt.praimary School - Latif Bari via Basutia Khokan house road . | 1.00 |
| 43. | Gaffargaon | 361225662 | V-B | Sibgonj Goyespur road - Digha Ruhul Amin house road . | 1.00 |
| 44. | Gaffargaon | 361225663 | V-B | Sibgonj Goyespur road -Digha Moddhapara GPS via Abdus Salam Member house road . | 1.50 |
| 45. | Gaffargaon | 361225664 | V-B | Malmal – Baghati Bazar via Abdul Aziz Kashem house road. | 1.50 |
| 46. | Gaffargaon | 361225665 | V-B | Iqbal Market – Zamdarer Khal via Taslim Khan house road. | 1.00 |
| 47. | Gaffargaon | 361225666 | V-B | Gaffargaon Bormi road – Beer Muktizudda D.M Afaz Uddin bari via Auibali Mida house road. | 1.00 |
| 48. | Gaffargaon | 361225667 | V-B | Gaffargaon Bormi road – Al-Amin bazar - Chourasta road. | 1.00 |
| 49. | Gaffargaon | 361225668 | V-B | Tetulia Maizbari road – Tower more – Ghagra high school road. | 2.00 |
| 50. | Gaffargaon | 361225669 | V-B | Ghagra Dali bari – Late Riwaz Uddin Member bari road. | 1.00 |
| 51. | Gaffargaon | 361225670 | V-B | Ghagra Daptari bari – Lamburi bari via Karim Bepari more road. | 2.50 |
| 52. | Gaffargaon | 361225671 | V-B | Bagber Razzak Master Kabarsthan – Laxnpur Fakir bari more via Bhagber Gani Master bari road. | 1.00 |
| 53. | Gaffargaon | 361225672 | V-B | Tan Laxnpur Jame Masjid – Laxnpur Khaleq's bari via Battala bazar road. | 1.50 |
| 54. | Gaffargaon | 361225673 | V-B | Pukuria Hazi Ramzan Ali market – Gual para box culvert via Pukuria Uttar para jame Masjid road. | 1.20 |
| 55. | Gaffargaon | 361225674 | V-B | Khan Bahadur Ismail road Bramon khali Moddapara GPS-Gabtola via Bramon Khali Balika high school road. | 2.00 |
| 56. | Gaffargaon | 361225675 | V-B | Porabaria Dakhil Madrasha - Pbaria Group factory road. | 1.00 |
| 57. | Gaffargaon | 361225676 | V-B | Porabaria Bazar – Nazimuddin Master bari via Pbaria Group factory road. | 1.50 |
| 58. | Gaffargaon | 361225677 | V-B | Rasulpur Shibganj Nazim Uddin Mollar moor – Khairul Chairman Bari moor via Soyani Rasulpur GPS road. | 1.50 |

# পরিশিষ্ট- ক

# ADP/Upazila Porishad Development Tohobil

| Sl No | Tender ID | Package No | Name of Works | Last selling date & time | Closing date & time |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 1. | 1035791 | e-Tender/MYM/GAFF/ DEV/2024-2025/W-01 | (1) Improvement of Kellarper-Jahed Ali Bari-Moulovi Bari road by HBB under Niguari union, Gaffargaon, Mymensingh. (2) Improvement of 9no ward Pachbag union Khan Bahadur Ismail road Morol Bari road by HBB under Pachbag union, Gaffargaon, Mymensingh. | 26 Nov-2024 17:00 | 27 Nov-2024 13:00 |
| 2. | 1035792 | e-Tender/MYM/GAFF/ DEV/2024-2025/W-02 | Improvement of Khagati Notun Bazar-Khagati School road by HBB under Dattar Bazar union, Gaffargaon, Mymensingh. | 26 Nov-2024 17:00 | 27 Nov-2024 13:00 |
| 3. | 1035793 | e-Tender/MYM/GAFF/ DEV/2024-2025/W-03 | Construction of RCC road work at Amatia Village-Amatia Mondir road under Pachbag union, Gaffargaon, Mymensingh. | 26 Nov-2024 17:00 | 27 Nov-2024 13:00 |
| 4. | 1035794 | e-Tender/MYM/GAFF/ DEV/2024-2025/W-04 | Improvement of Shandiain Purbo Para Jame Mosque-Engineer Abul Kalam Azad House road by HBB under Rasulpur union, Gaffargaon, Mymensingh. | 26 Nov-2024 17:00 | 27 Nov-2024 13:00 |
| 5. | 1035795 | e-Tender/MYM/GAFF/ DEV/2024-2025/W-05 | Improvement of Shadhuyia Mir bari-Soto Baroi Hati GPS road by HBB under Niguari union, Gaffargaon, Mymensingh. | 26 Nov-2024 17:00 | 27 Nov-2024 13:00 |
| 6. | 1035796 | e-Tender/MYM/GAFF/ DEV/2024-2025/W-06 | Consturction of 1x3.00mx3.00m Size 01 nos. Box Culvert on Kandipara GC-Goyeshpur GC road at ch. 4550m under Gaffargaon, Mymensingh. | 26 Nov-2024 17:00 | 27 Nov-2024 13:00 |